গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১২৮

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৮ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

সমুদ্রবন্দরসমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

**২। আজ ০৮ মে, ২৪ খ্রি: তারিখ দুপুর ১.০০ টা হইতে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবানী নেই এবং কোন সংকেত দেখাতে হবেনা।

**৩। আজ ০৮ মে, ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ থেকে উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

**পূর্বাভাসঃ**

**প্রথম দিন (০৮.০৫.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রাজশাহী, রংপুর, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় এবং ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (০৯.০৫.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী ও খুলনা বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে এবং সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**তৃতীয় দিন (১০.০৫.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** ঢাকা, রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৩.৫ | **৩৪.৫** | ৩০.৮ | ৩২.৬ | ৩৩.০ | ৩৪.০ | **৩৪.৬** | **৩৫.০** |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২০.৭ | ২০.৫ | ২১.০ | ২২.৬ | ২১.৭ | **২০.০** | ২১.০ | ২০.৬ |

**গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল খেপুপাড়া ৩৫.০ সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা হাতিয়া ২০.০° সে.।**

**(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।**

**৪। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা**

(২৫ বৈশাখ, ১৪৩১/ ০৮ মে, ২০২৪ খ্রিঃ)

- দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকায় নেত্রকোনা জেলার প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, কিশোরগঞ্জ জেলার প্রধান নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে এবং অন্যান্য জেলার নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- বাংলাদেশ ও বৈশ্বিক আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ৪৮ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। এ সময়ে উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকায় নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলাসমূহের প্রধান নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে, অপরদিকে সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস অব্যাহত থাকতে পারে।

**<u>পানি সমতল ও বারিপাত স্টেশন আউটলুক</u>**

**(২৫ বৈশাখ, ১৪৩১/ ০৮ মে, ২০২৪ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)**

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন: নেই।**

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | প্রাক-মৌসুমী বিপদসীমা (মিটার) | প্রাক-মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - |

-

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য**

বাংলাদেশের অভ্যন্তরে: **নেই।**

| স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|
| - | - |

ভারতের উত্তর পূর্বাঞ্চলের আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| শীলং (মেঘালয়) | ১.০ | চেরাপুঞ্জি (মেঘালয়) | ০.০ |

-

## নদ-নদীর অবস্থা

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ৪৬ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ১৯ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ২৫ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০২ | বিপদসীমার উপরে | ০০ |
| বন্যা আক্রান্ত জেলার সংখ্যা | | | ০০ |
| বিপদসীমার উপরে নদীর সংখ্যা | | | ০০ |

**৫।**

**অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

**(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৬ মে, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৭ মে, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১৭টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৫ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৩ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ৪ | ০ | ০ |
| ৭। | খুলনা | ৪ | ০ | ০ |
| ৮। | রংপুর | ১ | ০ | ০ |
| | **মোট** | **১৭** | **০** | **০** |


০৮-০৫-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com


ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১২৮/১ (১৩)

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৮ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৩। সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৪। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ;
৫। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
৬। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৭। বিভাগীয় কমিশনার (সকল);
৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;
৯। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১০। জেলা প্রশাসক (সকল);
১১। প্রোগ্রামার (চলতি দায়িত্ব), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। এবং
১৩। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।


০৮-০৫-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা